

নং-শিম/শাঃ১১/৭-১/২০০৯/৮৮৪

তারিখঃ ০৩ আগস্ট, ২০০৯

পরিপত্র


বিষয়ঃ বেসরকারি নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ সংক্রান্ত

- সূত্রঃ (১) শাঃ ১১/বিবিধ-৫/৯৪/১২ শিক্ষা তারিখঃ ১৬/১/১৯৯৬ খ্রিঃ  
(২) শাঃ ১১/বিবিধ-৫/৯৪(অংশ-৬) ৭৩১ (১৯)-শিক্ষা তারিখঃ ৩১/৮/২০০০ খ্রিঃ  
(৩) শাঃ ১১/৬(২)/২০০২/৩৪৭(১৩) তারিখঃ ২/৪/২০০৩ খ্রিঃ  
(৪) শাঃ ১১/বিবিধ(এমপিও)-১১/২০০৪/০৭ তারিখঃ ৮/১/২০০৫ খ্রিঃ  
(৫) শাঃ ১১/বিবিধ(এমপিও)-১১/২০০৪/১৫৬৭ তারিখঃ ২/১১/২০০৫ খ্রিঃ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৪ অক্টোবর, ১৯৯৫ তারিখের শাঃ ১১/বিবিধ-৫/৯৪(অংশ-৬)/৩৯৪ নং স্মারকে জারিকৃত পরিপত্রে নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক এবং মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী নির্ধারণ করার পর উক্ত ১৯৯৫ সনের পরিপত্রের কার্যকারিতা সূত্রের ১ নং ক্রমিকে বর্ণিত স্মারকে জারিকৃত পরিপত্রের মাধ্যমে অনির্দিষ্ট সময়ের জন্য স্থগিত করা হয় এবং সূত্রের ২ নং ক্রমিকে উল্লিখিত স্মারকে উক্ত স্থগিতাদেশ প্রত্যাহার করা হয়। সূত্রের ৩ নং ক্রমিকে বর্ণিত স্মারকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একজন প্রার্থীর সমগ্র শিক্ষা জীবনে অনধিক একটি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে সূত্রের ৪ ও ৫ নং স্মারকে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ইনডেক্সধারী যে সকল শিক্ষকের শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী রয়েছে তাঁরা অন্য শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে নিয়োগযোগ্য বিবেচিত হবেন কিন্তু উচ্চ পদে নিয়োগলাভের যোগ্য বলে বিবেচিত হবেন না। অর্থাৎ ১৬ জানুয়ারী ১৯৯৬ হতে ৩০ আগস্ট ২০০০ পর্যন্ত একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত ব্যক্তিগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক পদে নিয়োগের যোগ্য ছিলেন। আবার ২ এপ্রিল, ২০০৩ থেকে পরবর্তী সময়ে একটি তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্ত ব্যক্তিগণ শিক্ষক হিসেবে নিয়োগলাভের যোগ্য বিবেচিত হচ্ছেন। ইনডেক্সধারী শিক্ষকগণ যখনই নিয়োগপ্রাপ্ত হয়ে থাকুন না কেন যাদের একাধিক তৃতীয় বিভাগ রয়েছে তাঁরা ৮ জানুয়ারী ২০০৫ হতে অন্য কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চতর পদ বা স্কেলে নিয়োগলাভের অযোগ্য বিবেচিত হচ্ছেন।


২। বিষয়টি বিশদ পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২৪ অক্টোবর, ১৯৯৫ তারিখের পূর্বে অথবা সূত্রের ১ নং ক্রমিকে বর্ণিত স্মারকের কার্যকারিতা থাকাকালে যে সকল ব্যক্তি কোন বেসরকারি নিম্ন-মাধ্যমিক বা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে নিয়োগ পেয়ে ইনডেক্স নম্বর পেয়েছিলেন, তাঁরা নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে, যে কোন বেসরকারি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক পদে নিয়োগলাভের যোগ্য হবেন এবং বেতন-ভাতা বাবদ সরকারি সহায়তা(এমপিও) পাবেন।

৩। সূত্রের ক্রমিক নং (৪) ও (৫) এ বর্ণিত স্মারকদ্বয়ের কার্যকারিতা এতদ্বারা রহিত করা হলো।

  
(সৈয়দ আতাউর রহমান)  
সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ)/ (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়
- ২। কমিশনার (সকল বিভাগ)। তাঁর অধিক্ষেত্রভুক্ত সকল জেলার জেলা প্রশাসকগণকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৩। যুগ্ম-সচিব(বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদরাসা),/যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং শিক্ষা মন্ত্রণালয়/ প্রকল্প পরিচালক, SESDP/TQI /SEQAEP প্রকল্প। প্রকল্প পরিচালকগণকে সমন্বিত কর্মসূচি গ্রহণের মাধ্যমে সকল ধারার শিক্ষকগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, / মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫। চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) /চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা /চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। উপ-সচিব(মাধ্যমিক/ বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদরাসা) শিক্ষা মন্ত্রণালয়
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
- ১০। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। তাঁকে প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ ইমরুল চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব